# "ই-আদালত পরিষেবা" মোবাইল অ্যাপ




GET IT ON Google Play

Download on the App Store

॥ यतो धर्मस्ततो जयः ॥

Circulated by:

ই-কমিটি
ভারতের সর্বোচ্চ আদালত

# ই -আদালত পরিষেবা

# মোবাইল অ্যাপ




**ই-কমিটি**

**ভারতের সর্বোচ্চ আদালত**

**দ্বারা প্রচারিত**

# ই -আদালত পরিষেবা মোবাইল অ্যাপ

**ই-কমিটি,**
**ভারতের সর্বোচ্চ আদালত দ্বারা প্রচারিত**

**রচয়িতা**
**Ms.R. Arulmozhiselvi, M.L.,**
**সদস্য (মানব সম্পদ)**
**ই-কমিটি, ভারতের সর্বোচ্চ আদালত**

১. শ্রীমতি সবিতা কুরী
২. শ্রী সুব্রত চক্রবর্তী
৩. শ্রী শঙ্কর দেবনাথ
৪. শ্রীমতি শুভ্রা ভৌমিক
৫. শ্রী আশুতোষ বণিক
৬. শ্রীমতি মোনালিসা দে নাগ
দ্বারা বাংলা ভাষায় অনুদিত

**প্রথম সংস্করণ: ফেব্রুয়ারী ২০২১**

**দায়বর্জন**

এই রেফারেন্স উপাদানটি কেবলমাত্র অধ্যয়ন এবং প্রশিক্ষণের উদ্দেশ্যেই ই-কমিটি দ্বারা প্রচারিত। প্রস্তুত রেফারেন্সগুলি নির্দেশিকা মাত্র এবং তা কোনও সরকারি বা বিচারসংক্রান্ত বিষয়ে ব্যবহার করা যাবে না ।

DR JUSTICE D Y CHANDRACHUD
Judge, Supreme Court of India

## Foreword

The e-Committee of the Supreme Court has been at the forefront of introducing digital reforms in the field of law. In the past one year, the pandemic has also pushed advocates, judges and litigants to adopt high tech solutions due to the closure of offices and courts in light of lockdowns and public health concerns. Working remotely, virtual courts, digital workplaces and electronic case management have become integral to how the legal profession is practiced and conducted. This has given us a rare opportunity to embrace technology not just as an interim measure but to transform our legal system to make it more efficient, inclusive, accessible and environmentally sustainable. The e-Courts Services Mobile Application is a step in this direction.

The e-Courts Services Mobile Application is a one stop electronic case management tool (ECMT) for advocates and litigants for cases filed in the District Courts and High Courts. It provides complete case history from filing till disposal including date wise case diary. It allows users to access orders/judgments, cause list, transfer details of the case and interim application status. A unique feature of the application is that an advocate can maintain a digital diary of all cases under "My Cases" tab.

All these facilities are available free of cost. The usage of the application will not only reduce the footfall at the court complexes but will also save time and effort for judges, court staff and other stakeholders. It will also ensure that geographical

DR JUSTICE D Y CHANDRACHUD
Judge, Supreme Court of India

constraints do not hinder access to relevant case information. We have also attempted to make the application accessible to persons with disabilities.

The ECMT tools have been discussed in detail in the manual with screenshots. Keeping in mind the linguistic and cultural diversity of India, the manual has been translated in 11 regional languages.

The improvement in technological capacities must be accompanied by a change in culture and mindset. I am happy to note that many advocates and litigants have already embraced the services offered through this mobile application with more than 57 lakh downloads so far. The application will pave the way for optimizing our legal system in an ever-evolving digital world.

**[Dr Justice D Y Chandrachud]**

बरुण मित्रा, भा.प्र.से.
BARUN MITRA, IAS

सचिव
न्याय विभाग
विधि और न्याय मंत्रालय
भारत सरकार
SECRETARY
DEPARTMENT OF JUSTICE
MINISTRY OF LAW & JUSTICE
GOVERNMENT OF INDIA

सत्यमेव जयते

150 YEARS OF CELEBRATING THE MAHATMA

## FOREWORD

As the legal world is gradually turning digital globally, the process of ICT enablement of the judicial landscape in India has concurrently made significant strides. As an integral part of this multi-dimensional initiative, the eCourts Services Mobile App has been widely hailed as an effective Electronic Case Management Tool (ECMT). Its popularity is manifested in the growing number of downloads by lawyers, having already crossed the 57 lakh figure.

Robust Case Management and sound supporting systems are at the core of any well-functioning legal architecture. ECMT tool, enables a lawyer to efficiently manage case information, document assembly, calendaring, time-tracking of case status, accessing judicial decisions, compliance requirements etc. To cap it, ECMT is of immense convenience being available 24 x 7 with no geographical boundaries and easy access on no-cost basis. The eCourts Services Mobile App with its digital diary features has thus evolved into a must-have tool for lawyers to promotetheir professional efficiency.

Publication of this Manual on eCourts Services Mobile App is yet another laudable step by the eCommittee of the Supreme Court to create large scale awareness of this ECMT and in bringing its benefits to the doorstep of the lawyers' community. The manual is also available in Hindi and several other regional languages like Punjabi, Tamil, Gujarati, Odia and Nepali thus enhancing its outreach. I am confident that this Manual will be of great utility for the legal fraternity.

**25th February, 2021**
**New Delhi**

**(Barun Mitra)**

# সূচিপত্র

১. কীভাবে "ই-আদালত পরিষেবা"  মোবাইল অ্যাপ ইনস্টল করবেন :.......... 2
১.১. ই-আদালত ওয়েবসাইট থেকে ডাউনলোড করুন https://e-Courts.gov.in .......... 2
১.২. অ্যান্ড্রয়েডের জন্য ডাউনলোড করুন গুগল প্লে স্টোর থেকে .......... 3
১.৩. আইফোন / আইপ্যাডের জন্য সরাসরি অ্যাপল স্টোর থেকে ডাউনলোড করুন .......... 3
২. ই-আদালত অ্যাপ্ সুবিন্যস্ত করুন: .......... 4
৩. ই-আদালত মোবাইল অ্যাপটি ৬ টি ভারতীয় ভাষায়: .......... 5
৪. ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপটির বেসিক আইকনগুলি অবশ্যই জানতে হবে:.......... 6
৪.১. স্বাগতম পৃষ্ঠা : .......... 6
৪.২. প্রাথমিক তালিকার আইকন : .......... 6
৪.৩. জেলা আদালত / উচ্চ আদালতের মামলার বিবরণ : .......... 6
৪.৪. প্রধান তালিকা বিকল্পগুলি : .......... 6
৪.৫. সিএনআর অনুসন্ধান : .......... 7
৪.৬. মামলার স্থিতি অনুসন্ধান : .......... 7
৪.৭. কজ লিস্ট (মামলার তালিকা) : .......... 7
৪.৮. আমার মামলা : .......... 7
৪.৯. আমার মামলা তারিখ অনুযায়ী / জেলা অনুযায়ী : .......... 7
৪.১০. বর্ষপঞ্জি বিকল্প : .......... 8
৪.১১. রিফ্রেশ বাটন : .......... 8
৪.১২. আমার মামলা - এর অধীনে অনুসন্ধান বিকল্প : .......... 8
৪.১৩. কিউ.আর কোড : .......... 8
৪.১৪. স্ক্যান কিউ.আর কোড : .......... 8
৪.১৫. আই.এ বিবরণ : .......... 8
৪.১৬. স্থানান্তরের বিবরণ : .......... 9
৪.১৭. নিম্ন আদালতের তথ্য : .......... 9
৪.১৮. মামলার বিবরণ : .......... 9
৫. ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপের মাধ্যমে সম্পূর্ণ মামলার বিবরণ পান : .......... 10
৬. মামলার বিকল্প অনুসন্ধান করুন : .......... 11

৭. সি.এন.আর নম্বর ব্যবহার করে মামলা অনুসন্ধান করুন : ..... 11
৭.১. সি.এন.আর নম্বরটি কী : ..... 11
৭.২. আপনার সি.এন.আর নম্বরটি কীভাবে জানবেন : ..... 12
৭.৩. কীভাবে ই-আদালত মোবাইল অ্যাপ থেকে সি.এন.আর নম্বর পাবেন : ..... 12
৭.৪. সি.এন.আর নম্বর ব্যবহার করে কীভাবে মামলা অনুসন্ধান করা যাবে : ..... 13
৮. মামলার স্থিতি অনুসন্ধান করুন: বিভিন্ন বিকল্প ব্যবহার করে : ..... 14
৮.১ মামলার নম্বর বিকল্পটি ব্যবহার করে 'মামলার স্থিতি' দেখুন : ..... 15
৮.২. ফাইলিং নম্বর বিকল্প টি ব্যবহার করে মামলার স্থিতি দেখা : ..... 17
৮.৩ এফ.আই.আর. নম্বর দিয়ে অনুসন্ধান করুন : ..... 17
৮.৪ আইনজীবী বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা : ..... 18
৮.৪.১ আইনজীবীর নাম দিয়ে অনুসন্ধান : ..... 18
৮.৪.২ বার কোড ব্যবহার করে অনুসন্ধান : ..... 19
৮.৪.৩ তারিখের মামলার তালিকা (আইনজীবীর মামলার তালিকা) ব্যবহার করে : ..... 20
৮.৫. মামলার প্রকার বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা : ..... 21
৮.৬ 'পক্ষ' বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা : ..... 22
৮.৭ আইন অনুসারে অনুসন্ধান : ..... 23
৮.৮. ক্যাভিয়েট : ..... 23
৮.৯. বিচার পূর্ব দরখাস্ত : ..... 24
৮.৯.১ কি ভাবে জামিনের স্থিতি জানবেন : ..... 25
৮.৯.২ কিভাবে রিমান্ডের স্থিতি জানবেন : ..... 25
৮.৯.৩ কি ভাবে বিচার পূর্ব দরখাস্তের স্থিতি জানা যাবে : ..... 26
৯. ই-আদালত মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে মামলার তালিকা পাওয়া : ..... 27
১০. আমার মামলা : ..... 29
১০.১ 'আমার মামলা' বিকল্পে কি করে মামলা যোগ করবেন : ..... 29
১০.২ . কীভাবে "আমার মামলাগুলি" বিকল্প থেকে মামলাগুলি সরিয়ে ফেলা যায় : ..... 30
১০.৩ "আমার মামলাগুলি" বিকল্পের মধ্যে অনুসন্ধান করুন : ..... 30
১০.৪: রিফ্রেশ বাটন (Refresh Button) : ..... 31
১০.৫:"আমার মামলাগুলি" - তারিখ অনুসারে/জেলাভিত্তিক প্রদর্শন বিকল্প : ..... 31
১০.৬ বর্ষপঞ্জী (Calendar) : ..... 32

**১১. ব্যাকআপ সুবিধা (Back up facility) :** ........ 32
**১১.১ তথ্য পাঠানোর বিকল্প (Export Option) :** ........ 33
**১১.২ পুনরুদ্ধার বিকল্প (Import Option) :** ........ 34
**১২. কিউআর কোড(QR Code) ব্যবহার করে মামলার স্থিতি (case status) পাওয়া :** ........ 35
**১২.১. পদক্ষেপ ১ - আপনার মামলার কিউআর কোড প্রাপ্তি :** ........ 35
**১২.২ পদক্ষেপ ২-কিউআর কোডের একটি মুদ্রণ নিন এবং কেস ডকেটে প্রতিস্থাপন (paste) করুন :** ........ 36
**১২.৩ পদক্ষেপ ৩ - কিউআর কোডটি স্ক্যান করুন :** ........ 36
**১৩. যেখানে ইন্টারনেট নেই সেখানে এস.এম.এসের (SMS) মাধ্যমে মামলার অবস্থান (case status) সম্বন্ধে জানুন :** ........ 37
**১৪. ই-আদালতের স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবার মাধ্যমে মামলার স্থিতি (case status) সম্বন্ধে জানা :** ........ 37
**১৪.১. অবিনাশী নিম্ন আদালত থেকে ই-আদালতের স্বয়ংক্রিয় ইমেইল প্রেরণ :** ........ 38
**১৫. আদালত চত্তর নির্দেশক (Court Complex Locator) :** ........ 38
**১৬. ই -কোর্ট মোবাইল অ্যাপ মেনুতে বিভিন্ন লিঙ্ক :** ........ 39
**১৭. ই- কোর্টের মোবাইল অ্যাপে ই-পে লিংক :** ........ 39
**১৮. ই -কোর্টের মোবাইল অ্যাপে এনজেডিজি (NJDG) লিঙ্ক :** ........ 40
**১৯. ই-কোর্টস মোবাইল অ্যাপ্লিকেশানের মাধ্যমে ইন্ডিয়া কোডে প্রবেশ :** ........ 40
**১৯.১. ইন্ডিয়া কোড থেকে কেবলমাত্র ধারাগুলির (Bare Act) অনুসন্ধান :** ........ 41
**২০. ই-আদালত মোবাইল অ্যাপে ই-ফাইলিং লিঙ্ক :** ........ 42
**২১. ই-আদালত মোবাইল অ্যাপে ভার্চুয়াল আদালতের লিঙ্ক :** ........ 42
**২২. ই-আদালত মোবাইল অ্যাপে আইনজীবিদের লিঙ্কের জন্য ফর্ম :** ........ 43
**২৩. সহায়তা বিকল্প :** ........ 44

*************

# "ই-আদালত পরিষেবা" –

# মোবাইল অ্যাপ্লিকেশন

আপনি কি কখনও নিজের হাতে আপনার মামলার স্থীতি পাওয়ার স্বপ্ন দেখেছেন তা ও ২৪X৭? স্বপ্নটি বাস্তবায়িত হয়েছে ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপের মাধ্যমে । এখন যে কেউ তার মোবাইল ফোনের মাধ্যমে মামলার স্থিতি, আদালতের আদেশ, কজ লিস্ট (মামলার তালিকা) এ প্রবেশ করতে পারবেন শারীরিকভাবে নির্ধারিত আদালত চত্বরে না গিয়ে। ভারতের ই-কমিটি সর্বোচ্চ আদালত ই-আদালত পরিষেবাগুলির নামে একটি মোবাইল অ্যাপ্লিকেশন প্রকাশ করেছে মামলাকারী, আইনজীবি, আইন সংস্থা, পুলিশ, সরকারী সংস্থা এবং অন্যান্য প্রাতিষ্ঠানিক মামলাকারীর সুবিধার্থে।

মোবাইল অ্যাপ্লিকেশনটিতে বিকল্প রয়েছে যেমন সি.এন.আর নম্বর সহ মামলা অনুসন্ধানের প্রক্রিয়া, মামলার নম্বর, ফাইলিং নম্বর, মামলাকারী পক্ষগুলির নাম, এফ.আই.আর নম্বর, আইনজীবিদের বিবরণ, আইন, মামলার প্রকারের ব্যবহার করে মামলার স্থীতি অনুসন্ধান করা। ই-আদালত মোবাইল অ্যাপের মাধ্যমে আপনি মামলার বিবরণ, কোনও মামলার পঞ্জী, কজ লিস্ট (মামলার তালিকা), মামলার স্থানান্তরের বিবরণ, আদেশ এবং রায় সমস্ত দেখতে পারেন বিনামূল্যে। আপনি এটিকে অন্যান্য অ্যাপের মতো অ্যান্ড্রয়েড ফোনের জন্য গুগল প্লে স্টোর থেকে এবং আইফোন, আইপ্যাড ডিভাইসগুলির জন্য অ্যাপল অ্যাপ স্টোর থেকে ডাউনলোড করতে পারবেন । ডাউনলোড লিঙ্ক https://ecommittee.sci.gov.in যেটি অফিসিয়াল ই-কমিটি ওয়েবসাইটে দেওয়া হয়েছে সেখান থেকে আপনি ডাউনলোড করতে পারেন ।

সমস্ত ই-আদালত পরিষেবাগুলি একটি অধিকতর সুবিধা সহ ই-আদালত মোবাইল অ্যাপের অধীনে উপলব্ধ আছে যেখানে 'আমার মামলা' বিকল্পটি ব্যবহার করে এটি পরিবর্তন করা যায় যা কোনও আইনজীবী / মামলাকারীর জন্য ডিজিটাল ডায়েরির সমতুল্য। 'আমার মামলাগুলি' ব্যবহার করে কেউ ব্যক্তিগত মামলার নম্বর যুক্ত করতে পারে এবং স্বয়ংক্রিয় ভাবে আপডেট পেতে পারে। এটি মামলাকারী, প্রতিষ্ঠান, সংস্থার জন্যও কার্যকর যাদের বিভিন্ন জায়গার বিভিন্ন আদালতে একাধিক মামলা রয়েছে। 'আমার

মামলা' য় একজন নিজের মতো করে তার  মামলাগুলির  তালিকা যুক্ত করতে পারেন এবং ই-মামলা মোবাইল অ্যাপ্লিকেশনটির মাধ্যমে সর্বশেষ স্থিতি জানতে পারেন। এতে কোনও সন্দেহ নেই যে ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ্লিকেশন, সমস্ত মামলার বিবরণ সহ আপনার ডিজিটাল মামলার পঞ্জী আপনি নিজের মত করে মোবাইলে (হ্যান্ডসেট)  ২৪x ৭ বিনামূল্যে পেতে পারেন।


## ১. কীভাবে "ই-আদালত পরিষেবা" মোবাইল অ্যাপ ইনস্টল করবেন

১.১. ই-আদালত ওয়েবসাইট থেকে ডাউনলোড করুন
১.২. গুগল স্টোর / অ্যাপল স্টোর থেকে ডাউনলোড করুন

### ১.১. ই-আদালত ওয়েবসাইট থেকে ডাউনলোড করুন https://e-Courts.gov.in


একজন ব্যক্তি গুগল প্লে স্টোর / অ্যাপলআইটিউনস স্টোর থেকে নতুন ই-আদালত মোবাইল অ্যাপটি ডাউনলোড করতে পারেন। ই-আদালত ওয়েবসাইট গুগল প্লে স্টোর / অ্যাপলআইটিউনস স্টোর থেকে ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ্লিকেশন ডাউনলোড করার জন্য একটি শর্টকাট লিঙ্ক সরবরাহ করে। এই শর্টকাট লিঙ্কটিতে চয়ন করার পরে, আপনি সংশ্লিষ্ট প্লে স্টোর থেকে ডাউনলোড করতে পারেন। ই-আদালত ওয়েবপেজে প্রদত্ত মোবাইল অ্যাপ্লিকেশন ডাউনলোড লিঙ্কটি  স্ক্রিনশট হিসাবে এখানে নীচে দেখানো হয়েছে। ইনস্টলেশন প্রক্রিয়া শেষ হলে, আপনাকে অ্যাপটিতে 'খোল ' চয়ন করতে হবে, যার মাধ্যমে অ্যাপ্লিকেশনটি খুলবে এবং ই-আদালত অ্যাপসটির স্বাগতম স্ক্রিন প্রদর্শিত হবে, যা এখানে স্ক্রিনশটে দেখানো হয়েছে ।






### ১.২. অ্যান্ড্রয়েডের জন্য ডাউনলোড করুন গুগল প্লে স্টোর থেকে

আপনার যদি অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন থাকে, ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপের জন্য গুগল প্লে স্টোরটি অনুসন্ধান করুন এবং ডাউনলোড চয়ন করুন এবং ডাউনলোডের পর ইনস্টল চয়ন করুন, তারপর মোবাইল অ্যাপটি আপনার অ্যান্ড্রয়েড স্মার্ট ফোনে ইনস্টল হয়ে যাবে।








### ১.৩. আইফোন / আইপ্যাডের জন্য সরাসরি অ্যাপল স্টোর থেকে ডাউনলোড করুন

আপনার কাছে যদি একটি অ্যাপল আইফোন থাকে,"ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ" এর জন্য অ্যাপল স্টোরটি অনুসন্ধান করুন এবং ডাউনলোড চয়ন করুন এবং ডাউনলোডের পর ইনস্টল চয়ন

করুন। তারপর আপনার অ্যাপল আইফোনে মোবাইল অ্যাপটি ইনস্টল হবে। একইভাবে, আইপ্যাডের জন্য ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ্লিকেশন উপলব্ধ আছে, যা আইপ্যাডে ডাউনলোড এবং ইনস্টল করা যেতে পারে।




## ২. ই-আদালত অ্যাপ্ সুবিন্যস্ত  করুন:




ই-আদালত মোবাইল অ্যাপটির বর্তমান সংস্করণটি তিনটি বিভাগের অধীনে পরিষেবা সরবরাহ করে:

**ক) উচ্চ আদালত;**

**খ) জেলা আদালত;**


**গ) উভয়**

ই-আদালত মোবাইল অ্যাপে, আপনি অ্যাপটি সুবিন্যস্ত করতে পারেন জেলা

আদালত বা উচ্চ আদালত বা উভয় ক্ষেত্রে মামলাগুলোতে প্রবেশ করার জন্য । তার জন্য, আপনাকে 'সুবিন্যস্ত করুন' বিকল্পটি নির্বাচন করতে হবে প্রধান তালিকা থেকে আইকনটি চয়ন করে। আপনি আপনার মোবাইল অ্যাপটি সুবিন্যস্ত করে উচ্চ আদালতের পরিষেবাগুলিতে প্রবেশ করতে পারেন "উচ্চ আদালত " রেডিও বাটনটি চয়ন করে । আপনি আপনার মোবাইল অ্যাপটি সুবিন্যস্ত করে জেলা আদালতের পরিষেবাগুলিতে প্রবেশ করতে পারেন "জেলা আদালত" রেডিও বাটনটি চয়ন করে। এবং যদি আপনি উভয় উচ্চ আদালত এবং জেলা আদালতের পরিষেবাগুলিতে প্রবেশ করতে চান, আপনি রেডিও বাটন "উভয়" চয়ন করতে পারেন।

**৩. ই-আদালত মোবাইল অ্যাপটি ৬ টি ভারতীয় ভাষায়:**


ই-আদালত মোবাইল অ্যাপের সর্বশেষ সংস্করণ, যার পরীক্ষা নিরীক্ষা চলছে, ইংরেজি এবং ছয়টি আঞ্চলিক ভাষায় উপলব্ধ করা হবে। ই-আদালত অ্যাপের স্ক্রিনশটগুলি এখানে ছয়টি আঞ্চলিক ভাষায় সংযোজন করা হলো নিয়মিত ব্যবহারকারীদের কৌতূহল মেটানোর জন্য। হিন্দি, মারাঠি, তামিল, কন্নড়, গুজরাটি, তেলেগু।



## ৪. ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপটির বেসিক আইকনগুলি অবশ্যই জানতে হবে:

### ৪.১. স্বাগতম পৃষ্ঠা

একবার আপনি মোবাইল অ্যাপটিতে প্রবেশ করলে এই স্বাগত পৃষ্ঠাটি প্রদর্শিত হবে।




### ৪.২. প্রাথমিক তালিকার আইকন

আপনি যদি ☰ তিন-লাইনের আইকনটি চয়ন করেন, এটি ই-আদালত মোবাইল অ্যাপের সম্পূর্ণ প্রাথমিক তালিকা প্রদর্শন করবে। ই -আদালত পরিষেবার বিভিন্ন গুরুত্বপূর্ণ লিঙ্কগুলি যেমন ই-পে, এন.জে.ডি.জি, ইফাইলিং, ইন্ডিয়া কোড, আইনজীবীদের প্রকার, ভার্চুয়াল আদালত এখন প্রাথমিক তালিকাগুলির অধীনে উপলব্ধ।





### ৪.৩. জেলা আদালত / উচ্চ আদালতের মামলার বিবরণ:


আপনি জেলা আদালত বা উচ্চ আদালতের বা জেলা আদালত বা উচ্চ আদালত উভয় (আদালতের) মামলাগুলির জন্য মোবাইল অ্যাপটি সুবিন্যস্ত করতে পারেন।




### ৪.৪. প্রধান তালিকা বিকল্পগুলি:


i) সি.এন.আর অনুসন্ধান; ii) মামলার স্থিতি (অনুসন্ধান); iii) কজ লিস্ট (মামলার তালিকা); iv) আমার মামলা বিকল্পগুলি।



| | |
|---|---|
| **৪.৫. সিএনআর অনুসন্ধান:**<br><br>সি.এন.আর আইকনটিতে **সি.এন.আর নম্বর** ব্যবহার করে আপনি মামলার স্থিতি অনুসন্ধান করতে পারেন |  |
| **৪.৬. মামলার স্থিতি অনুসন্ধান:**<br><br>মামলার স্থিতি বিকল্পটিতে একজন নিম্নলিখিত নয়টি অনুসন্ধান বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি বিশ্লেষণ করে দেখতে পারবেন<br><br>**মামলার নম্বর**    **পক্ষের নাম**<br>**ফাইলিং (দায়ের ) নম্বর**    **এফ.আই.আর**<br>**আইনজীবি**    **আইন**<br>**মামলার প্রকার**    **কেভিয়েট**<br>**বিচারপূর্ব দরখাস্ত** |  |
| **৪.৭. কজ লিস্ট (মামলার তালিকা):**<br><br>এই আইকনটি ব্যবহার করে, যে কোনও আদালতের **কজ লিস্ট (মামলার তালিকা)** দেখতে পারবেন। |  |
| **৪.৮. আমার মামলা:**<br><br>আপনি **"আমার মামলা" বিকল্পের** অধীনে নিজের মতো করে মামলার তালিকা সংরক্ষণ করতে পারবেন। |  |
| **৪.৯. আমার মামলা তারিখ অনুযায়ী / জেলা অনুযায়ী:**<br><br>আমার মামলা প্রদর্শিত হবে দুটি প্রকারে তারিখ অনুযায়ী / জেলা অনুযায়ী। আপনি যে ধরণের প্রদর্শন চান তা চয়ন করতে পারেন |  |


**৪.১০. বর্ষপঞ্জি বিকল্প:**

বর্ষপঞ্জি বিকল্পটি বর্ষপঞ্জি কাঠামোতে মামলাগুলি প্রদর্শন করে




**৪.১১. রিফ্রেশ বাটন**

একবার এই আইকনটি  চয়ন করা হলে, এটি তথ্য আপডেট করবে।



**৪.১২. আমার মামলা - এর অধীনে অনুসন্ধান বিকল্প:**

আমার মামলার অধীনে অনুসন্ধান ঘরটি আপনাকে আমার মামলার তালিকার মধ্যে অনুসন্ধান করতে সহায়তা করবে।





**৪.১৩. কিউ.আর কোড:**

একটি বিশেষ মামলার জন্য মোবাইল অ্যাপে মামলার বিবরনের অধীনে কিউ.আর কোড উপলব্ধ আছে প্রতিটি মামলার জন্য ।এটি ছাপা যায়  এবং মামলার নিবন্ধসারে যুক্ত করা যায়।




**৪.১৪. স্ক্যান কিউ.আর কোড -**

মামলার গুচ্ছতে যে কিউ.আর কোড  যুক্ত করা হয়েছে, এবং এটি মোবাইল অ্যাপে অন্তর্নির্মিত এই স্ক্যান কিউ.আর কোড বিকল্পটি ব্যবহার করে সহজেই স্ক্যান করা যাবে একটি বিশেষ মামলার স্থিতি জানার জন্য।




**৪.১৫. আই.এ বিবরণ:**

একজন ব্যক্তি আই.এ-এর ব্যাপারে বিশদ পেতে পারেন মামলার বিবরণের অধীনে যদি সংশ্লিষ্ট আদালতে প্রবেশ করেন ।


IA Details

| IA Number | Party | Date of Filing | Next Date | IA Status |
|---|---|---|---|---|
| IA/1/2019 | XXXXXXX XXXXXXX | 24-01-2019 | 28-05-2020 | Pending |

**৪.১৬. স্থানান্তরের বিবরণ:**

একজন ব্যক্তি এক আদালত থেকে অন্য আদালতে মামলার স্থানান্তরের বিবরণ এই মোবাইল অ্যাপের মাধ্যমে পেতে পারেন ।



Case Transfer Details Between The Courts

| Transfer Date | From Court No. and Judge | To Court No. and Judge |
|---|---|---|
| 17-07-2018 | 15 - District Judge-13 and Addl Sessions Judge Abad | 21 - Adhoc District Judge-5 Asst Sessions Judge Abad |

**৪.১৭. নিম্ন আদালতের তথ্য:**

আপিলের মামলাগুলিতে নিম্ন আদালতের তথ্য পাওয়া যাবে।







Subordinate Court Information

| | |
|---|---|
| Court No. and Name | 5th Jt. Civil Judge J.D. J.M.F.C. Aurangabad |
| Case No. and Year | - 0000353 - 2014 |
| Case Decision Date | 14-11-2016 |

**৪.১৮. মামলার বিবরণ**

একজন ব্যক্তি মামলার বিবরণের অধীনে একটি মামলার সম্পূর্ণ বিবরণ পেতে পারেন নিম্নলিখিত শীর্ষকের অধীনে

- মামলার বিবরণ
- মামলার স্থিতি,
- কিউ.আর কোড;
- দরখাস্তকারী এবং আইনজীবি
- বিবাদী এবং আইনজীবি
- আইন
- মামলার শুনানির বিবরণ
- চূড়ান্ত আদেশ / রায়



## ৫. ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপের মাধ্যমে সম্পূর্ণ মামলার বিবরণ পান



**৬. মামলার বিকল্প অনুসন্ধান করুন**

ই-আদালত মোবাইল অ্যাপের অধীনে দুটি প্রধান অনুসন্ধান তালিকা আছে

i) সি.এন.আর অনুসন্ধান;
ii) মামলার স্থিতি (অনুসন্ধান);
চলুন আমরা এখানে নিচে একের পর এক দেখি ।

**৭. সি.এন.আর নম্বর ব্যবহার করে মামলা অনুসন্ধান করুন**




মোবাইল অ্যাপটি ব্যবহারের মাধ্যমে সি.এন.আর নম্বর দ্বারা অনুসন্ধান করা হলো আপনার ফোনে মামলার বিবরণ পাওয়ার দ্রুততম উপায় । আপনি কি জানতে চান সি.এন.আর নম্বর কি, তাহলে পড়তে থাকুন ।

**৭.১. সি.এন.আর নম্বরটি কী:**

সি.এন.আর মানে মামলার নম্বরের নথি । সি.এন.আর হ'ল একটি অনন্য ১৬ সংখ্যার নম্বর যাহা সমস্ত মামলাগুলিতে দেওয়া হয়। সংক্ষেপে বলতে গেলে, এটি মামলার অনন্য পরিচয় নম্বর যাহার দ্বারা যে কোনও মামলা সনাক্ত করা যেতে পারে। সি.এন.আর নিযুক্ত করা হয় কেইস ইনফরমেশন সিস্টেমের (মামলা সংক্রান্ত তথ্য জানার পদ্ধতি) মাধ্যমে দায়ের করা প্রতিটি মামলায়। এটি ঠিক ট্রেনের টিকিটে ব্যবহৃত পি.এন.আর নম্বরের মতো। যে কোনো ব্যক্তি সি.এন.আর নম্বর দিয়ে উচ্চ আদালত এবং জেলা আদালতে তার মামলা চিহ্নিত করতে পারে, যাহা একটি অনন্য ১৬ সংখ্যার সি.এন.আর নম্বর।

| | |
|---|---|
| **সি.এন.আর (১৬টি সংখ্যা) এ থাকে (রাজ্য কোড) (জেলা কোড) (প্রাতিষ্ঠানিক কোড) (মামলা দায়ের করা নম্বর) (যে বছর দায়ের করা হয়েছে)** | **(জে.কে) (এ.এন) (০১) (০০০৬৩৮) (২০১৭)** |

স্পষ্ট ভাবে বোঝার জন্য বিভিন্ন রাজ্য থেকে ( পাঞ্জাব, মেঘালয়, তামিলনাড়ু) সি.এন.আর নম্বরের **উদাহরণ** এখানে দেওয়া হয়েছে।

| CNR Number | PBJL01-015294-2016 | MLSH04-000548-2017 | TNSA06-000398-2017 |
|---|---|---|---|
| State code (2 digits) | PB<br>(Punjab) | ML<br>(Megalaya ) | TN<br>(Tamil Nadu) |
| District Code<br>(2 digits) | JL<br>(Jalandar) | SH<br>(East Khasi district) | SA<br>(Salem district) |
| Establishment Code<br>(2 digits) | (01)<br>(District and sessionscourt Establishment) | 04<br>(Chief Judicial Magistrate Establishment) | 05<br>(Principal District Munsif Establishment) |
| Case filing number<br>(6 digits) | 014824<br>(Case number) | 000548<br>(Case Number) | 000470<br>(Case Number) |
| Filing year (4 digits) | 2015 (Filing Year) | 2017 (Filing Year) | 2017 (Filing Year) |
| Total (16digit)<br>(State code)<br>(District code)<br>(Establishment code)<br>(Case filing number)<br>(Filing year) | (PB)(JL)(01)<br>(014824)(2015)<br>(Total 16 digits) | (ML)(SH)(04)<br>(000548)(2017)<br>(Total 16 digits) | (TN)(SA)(05)<br>(000470)(2017)<br>(Total 16 digits) |

## ৭.২. আপনার সি.এন.আর নম্বরটি কীভাবে জানবেন:

একজন মামলাকারী/ আইনজীবি বা যে কোন ব্যক্তি প্রতিটি মামলার সি.এন.আর পেতে পারেন দুই রকম ভাবে।

i) ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ থেকে; ii) ই-আদালত পরিষেবা ওয়েবসাইটের লিঙ্ক থেকে।

## ৭.৩. কীভাবে ই-আদালত মোবাইল অ্যাপ থেকে সি.এন.আর নম্বর পাবেন:

সি.এন.আর নম্বর পাওয়ার জন্য, আপনার কাছে জেলা, আদালতের নাম এবং যে কোন একটি বিষয়, যেমন মামলার নম্বর, (মামলার) দায়ের নম্বর বা পক্ষগুলির নাম ইত্যাদির বিবরণ থাকতে হবে। আসুন আমরা ধাপে ধাপে প্রক্রিয়াটি দেখি কীভাবে ই-আদালত মোবাইল অ্যাপ থেকে মামলার নম্বর ব্যবহার করে সি.এন.আর নম্বর পাবেন।

উদাহরণ: নিম্ন আদালত, অবিনাশী, তিরুপ্পুর জেলা, তামিলনাড়ুর ও.এস ৫০/২০১৭ এর সি.এন.আর নম্বরটি কীভাবে খুঁজে পাবেন।

- ➔ **ধাপ ১:** ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপে যান
- ➔ **ধাপ ২:** প্রধান তালিকা থেকে মামলার স্থিতি বাছাই করুন



➔ **ধাপ ৩:**

- মামলার স্থিতি চয়ন করুন
- রাজ্য, জেলা বাছাই করুন
- মামলার নম্বর বিকল্পটি বাছাই করুন
- মামলার প্রকার বাছাই করুন
- মামলার নম্বর পূরণ করুন
- বছর পূরণ করুন
- এগিয়ে যান চয়ন করুন
- আদালতের নাম চয়ন করুন তারপর মামলার বিবরণ প্রদর্শিত হবে।
- মামলার নম্বরটি চয়ন করুন (ও.এস / ৫০/২০১৭) যা নিম্নরেখাঙ্কিত এবং নীল রঙে প্রদর্শিত হয়।
- মামলার বিবরণ সি.এন.আর নম্বর সহ প্রদর্শিত হবে।
- রেফারেন্সের জন্য পদক্ষেপের স্ক্রিনশটগুলি এখানে যুক্ত করা হয়







## ৭.৪. সি.এন.আর নম্বর ব্যবহার করে কীভাবে মামলা অনুসন্ধান করা যাবে

এখন আসুন আমরা দেখি সি.এন.আর নম্বর ব্যবহার করে কীভাবে মামলার স্থিতি অনুসন্ধান করতে হবে

**ধাপ ১:** মোবাইল অ্যাপে সি.এন.আর আইকন চয়ন করুন

**ধাপ ২:** সি.এন.আর নম্বর দিন

**ধাপ ৩:** অনুসন্ধান বাটনটি চয়ন করুন

**ধাপ ৪:** মামলার বিবরণ প্রদর্শিত হবে


- মামলার বিবরণ
- মামলার স্থিতি
- দরখাস্তকারী এবং আইনজীবিদের বিশদ বিবরণ
- বিবাদী এবং আইনজীবিদের বিশদ বিবরণ


- আইনের বিবরণ
- এফ.আই.আর এর বিশদ বিবরণ
- মামলার শুনানির  বিবরণ
- চূড়ান্ত আদেশ / রায়

**ধাপ ৫:** "মামলার বিবরণ" শীর্ষটি চয়ন করুন

**ধাপ ৬:** এটি মামলার বিবরণ প্রদর্শন করবে সি.এন.আর নম্বর সহ।

(১ থেকে ৬ নং ধাপের স্ক্রিনশটগুলি প্রস্তুত উল্লেখ্যর জন্য এখানে দেখানো হয়েছে)




**৮. মামলার স্থিতি অনুসন্ধান করুন: বিভিন্ন বিকল্প ব্যবহার করে।**

সাতটি পরিচিত বিকল্পের মাধ্যমে আপনার মামলার স্থিতি অনুসন্ধান করুন

**i) মামলার নম্বর**

ii) (মামলার) দায়ের নম্বর

iii) আইনজীবি

iv) মামলার প্রকার


v) পক্ষগুলির নাম

vi) এফ.আই.আর নম্বর

vii) আইন

viii) বিচারপূর্ব দরখাস্ত

ix) ক্যাভিয়েট (সতর্কীকরণ)




যদি কোনও ব্যক্তি সি.এন.আর নম্বর না জেনে থাকে, তাহলে যে কোনও একটি বিকল্প ব্যবহার করে অনুসন্ধান করা যেতে পারে। এখন চলুন দেখি, মামলার স্থিতির অধীনে প্রথম বিকল্পটি অর্থাৎ , মামলার নম্বর বিকল্পটি ব্যবহার করে।

| |
|---|
| মোবাইল অ্যাপে মামলার স্থিতি চয়ন করুন → রাজ্য, জেলা বাছাই করুন → বিকল্পগুলির যে কোনও একটি চয়ন করুন → সংশ্লিষ্ট ফর্মটি খুলবে → বিশদ বিবরণ পূরণ করুন → মামলার তালিকা প্রদর্শিত হবে → যদি মামলার নম্বর চয়ন করা হয় তবে তা মামলার বিবরণ আরও বিস্তারিত ভাবে দেখাবে → শীর্ষক চয়ন করুন যা আরও বিস্তারিত বিবরণ দেখাবে । |

**৮.১ মামলার নম্বর বিকল্পটি ব্যবহার করে 'মামলার স্থিতি' দেখুন :**

আমরা এখন 'মামলার স্থিতি' বিকল্পের অধীনে প্রথম বিকল্পটি দেখি, অর্থাৎ মোবাইল অ্যাপ্লিকেশনের "ই-আদালত পরিষেবা"য় 'মামলার নম্বর' বিকল্পটি ব্যবহার করি।

**ধাপ ১:** মূল তালিকা থেকে মামলার স্থিতি বিকল্পটি চয়ন করুন।

**ধাপ ২:** রাজ্য এবং জিলা চয়ন করুন।

**ধাপ ৩:** মামলার সংখ্যা বিকল্পটি চয়ন করুন।

**ধাপ ৪ :** এখন অত্র প্রদর্শিত ফর্মটি খুলবে এবং এটি বিশদে পূরণ করুন :

- আদালত
- মামলার প্রকার
- মামলার নম্বর
- বৎসর

**ধাপ ৫:** এটি বিশদে পূরণ করার পর 'এগিয়ে যান' বিকল্পটি চয়ন করুন।

**ধাপ ৬ :** আদালত অনুসারে মোট মামলার সংখ্যা প্রদর্শিত হবে এবং চয়ন করা হলে মামলার নম্বর বিকল্পটি আসবে।

**ধাপ ৭:** যদি মামলার নম্বর বিকল্পটি চয়ন করি, তা মামলার বিবরণ দেখাবে যাহার মধ্যে থাকবে :

১. মামলার বিবরণ
২. মামলার স্থিতি
৩. বাদী ও তার আইনজীবী
৪. বিবাদী ও তার আইনজীবী
৫. আইন
৬. এফ.আই.আর এর বিশদ
৭. নিম্ন আদালত সম্পর্কিত তথ্য
৮. মামলার শুনানির বিবরণ
৯. অন্তর্বর্তীকালীন আদেশ
১০. চূড়ান্ত আদেশ/ রায়





(* প্রতিবার মামলার স্থিতি বিকল্পটি ব্যবহার করার সময় রাজ্য এবং জিলা বাছাই হয়েছে কিনা সেই ব্যাপারে নিশ্চিত হোন।)

## ৮.২. ফাইলিং নম্বর বিকল্প টি ব্যবহার করে মামলার স্থিতি দেখা:

ফাইলিং নম্বর বিকল্পটি মামলার স্থিতির মধ্যে দ্বিতীয় বিকল্প হিসাবে আছে ।

**ফাইলিং নম্বর দিয়ে কি ভাবে অনুসন্ধান করবেন**


- ➔ মামলার স্থিতি বিকল্পটি চয়ন করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ ফাইলিং নম্বর বিকল্প বাছাই করুন
- ➔ আদালত ড্রপ বক্স টি চয়ন করুন
- ➔ ফাইলিং নম্বর, **বৎসর** পূরণ করুন
- ➔ 'এগিয়ে যান' বিকল্পটি বাছাই করুন
- ➔ মোট মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ মামলার নম্বর এ চয়ন করুন
- ➔ মামলার বিবরণ খুলবে এবং
- ➔ প্রতিটি বিকল্প বাছাই করলে আরও বিশদ আসবে




## ৮.৩ এফ.আই.আর. নম্বর দিয়ে অনুসন্ধান করুন

**কি করে এফ.আই.আর. নম্বর দিয়ে অনুসন্ধান করবেন?**

- ➔ 'মামলার স্থিতি' বিকল্পটি বাছাই করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ এফ.আই.আর. নম্বর বিকল্পটি বাছাই করুন
- ➔ আদালত বাছাই করুন
- ➔ থানা বাছাই করুন
- ➔ এফ.আই.আর. নম্বর এবং **বৎসর** পূরণ করুন
- ➔ রেডিও বাটন বাছাই করুন - বিচারাধীন/নিষ্পত্তি/উভয়
- ➔ 'এগিয়ে যান' বিকল্পটি বাছাই করুন
- ➔ প্রদর্শিত নম্বর টি চয়ন করুন
- ➔ মামলার নম্বরটি চয়ন করুন তখন আরও মামলার বিবরণ আসবে।



**৮.৪ আইনজীবী বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা**

একজন আইনজীবীর জন্য এই অনুসন্ধানের সুবিধাটি হলো একটি ডিজিটাল করণিক; কারণ ইহা একজন করণিকের বেশিরভাগ কাজই সম্পাদন করে থাকে। উদাহরণ স্বরূপ, এই সুবিধার মাধ্যমে একজন আইনজীবীর নামে সকল আদালতে নিষ্পত্তি না হওয়া কতগুলি মামলা রয়েছে, একটি সুনির্দিষ্ট তারিখে কোন মামলাগুলি তালিকাভুক্ত করা হয়েছে এবং মামলাগুলি কি অবস্থায় আছে তা হ্যান্ডসেটের মধ্যে ২৪*৭ দেখা যাবে। একজন আইনজীবী নিম্নলিখিত তিনটি বিকল্পের মাধ্যমে এই অনুসন্ধানের সুবিধাটি ব্যবহার করতে পারেন:

ক। আইনজীবীর নাম ব্যবহার করে অনুসন্ধান

খ। বার কোড নম্বর ব্যবহার করে অনুসন্ধান

গ। 'তারিখের মামলা তালিকা' ব্যবহার করে কোন এক নির্দিষ্ট দিনে তালিকাভুক্ত মামলা থেকে একজন নির্দিষ্ট আইনজীবীর মামলার অনুসন্ধান

**৮.৪.১ আইনজীবীর নাম দিয়ে অনুসন্ধান :**

এক জন আইনজীবী কি ভাবে জানবেন উনার নামে কতগুলি নিষ্পত্তি না হওয়া মামলা রয়েছে

উদাহরণ: এখানে স্ক্রিনশটে প্রদর্শিত হয়েছে, আইনজীবীর নাম বিকল্পে আইনজীবী "রাজাপ্পা" নামে অনুসন্ধান করা হলে থানজারুর, তামিলনাডু তে ১৩ টি মামলা বিচারাধীন দেখায়। এটি আদালত অনুসারে নিস্পত্তি না হওয়া মামলার সংখ্যাও দেখায়।

যদি সংখ্যা চয়ন করা হয়, এটি পুরো তালিকা প্রদর্শন করবে যা মামলার বিবরণের সাথে প্রসারণযোগ্য।

**'আইনজীবী' বিকল্প দ্বারা অনুসন্ধান**


**নাম**

- ➔ মামলার স্থিতি চয়ন করুন
- ➔ রাজ্য, জিলা চয়ন করুন
- ➔ আইনজীবী বিকল্প টি চয়ন করুন


- ➔ রেডিও বাটন চয়ন করুন

**আইনজীবীর নাম**

- ➔ এগিয়ে যান চয়ন করুন
- ➔ প্রদর্শিত প্রতিটি প্রতিষ্ঠানের মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ মামলার নম্বর চয়ন করুন; তখন মামলার বিবরণ বের হবে




## ৮.৪.২ বার কোড ব্যবহার করে অনুসন্ধান




একজন আইনজীবী তার আইনজীবী বারকোড ব্যবহার করে তার মামলা এবং মামলার তালিকা অনুসন্ধান করতে পারেন। এটি জেলার সমস্ত প্রতিষ্ঠানের নিষ্পত্তি না হওয়া এবং নিষ্পত্তি হওয়া মোট মামলার সংখ্যা প্রদর্শন করবে। একজন আইনজীবী তার বারকোড ব্যবহার করে তারিখের মামলা তালিকার আরেকটি বিকল্পে গিয়েও তার মামলার তালিকা বের করতে পারবেন এবং তা পরবর্তী অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে। এখানে উল্লেখ করা খুব দরকার যে আইনজীবীর বারকোড হলো একজন আইনজীবীর অনন্য পরিচয় নম্বর এবং তা সঠিকভাবে তথ্যপঞ্জিতে নথিভুক্ত করতে হবে। যদি কোনও আইনজীবী দেখতে পান তার বারকোডটি

মোবাইল অ্যাপে সঠিকভাবে প্রদর্শিত হচ্ছে না, তাহলে বারকোডটি সঠিকভাবে অন্তর্ভুক্তি করার জন্য সংশ্লিষ্ট আদালতকে জানান যেখানে আপনি নিবন্ধিত আছেন।

উদাহরণস্বরূপ: মহারাষ্ট্র আইনজীবী কোড অনুসন্ধানে, আইনজীবী আগরওয়াল কে.ডি. এর নামে মোট ৭৭৮ টি মামলা দেখাচ্ছে।

**আইনজীবী বার কোড ব্যবহার করে অনুসন্ধান :**

- ➔ মামলার স্থিতি বিকল্পটি চয়ন করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ আইনজীবী বিকল্পটি চয়ন করুন
- ➔ রেডিও বাটনটি বাছাই করুন

**বার কোড**

- ➔ এগিয়ে যান চয়ন করুন
- ➔ প্রদর্শিত প্রতিটি প্রতিষ্ঠানের মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ মামলার নম্বর চয়ন করুন; তাতে মামলার বিবরণ বের হবে

### ৮.৪.৩ তারিখের মামলার তালিকা (আইনজীবীর মামলার তালিকা) ব্যবহার করে :

যদি কোনও আইনজীবী তার নাম অনুসারে মামলার তালিকা জানতে চান, **অর্থাৎ** আদালতে কোনও নির্দিষ্ট তারিখে তাঁর নামে কতগুলি মামলা আসছে, তাহলে 'তারিখের মামলার তালিকা' বিকল্পটি ব্যবহার করা যেতে পারে এবং আইনজীবীর মামলার তালিকা তৈরি হবে। আইনজবীর মামলার তালিকার সুবিধাটি হলো, এটি একটি নির্দিষ্ট তারিখে তালিকাভুক্ত মামলাগুলি তাদের স্থিতি সহ প্রদর্শন করবে।



**একজন আইনজীবীর জন্য তারিখ অনুসারে মামলার তালিকা অনুসন্ধান:**

- ➔ তারিখের মামলা তালিকা(আইনজীবীর মামলার তালিকা) পেতে মামলার স্থিতির বিকল্প চয়ন করুন
- ➔ তারিখের মামলা তালিকা চয়ন করুন
- ➔ তারপর বার কোড পূরণ করুন
- ➔ তারপর তারিখ বাছাই করুন
- ➔ 'এগিয়ে যান' চয়ন করুন
- ➔ মোট মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ তারপর আইনজীবীর মামলার তালিকা প্রদর্শিত হবে


Advocate's Cause list: 16-09-2020

Advocate: HUSSAIN HAIKAL

Total Number of Cases: 1

District And Sessions Court : 1

| Sr.No | Case Number | Party Name | Court Name | Stage Of Case |
|---|---|---|---|---|
| 1 | Criminal Appeal/97/2018 | Rajan Prasad vs State of | 12-Sri Avinash Kumar Dubey-District and Adl Sessions Judge X | ARGUMENTS |


**৮.৫. মামলার প্রকার বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা :**

যদি কোনও ব্যক্তি মামলার প্রকার অনুসন্ধান করতে চান, যেমন আপীল যোগ্য মামলা, তাহলে এই বিকল্পটি ব্যবহার করতে হবে। যে কোনও মামলার প্রকার বাছাই করে একজন ব্যক্তি মামলার প্রকার অনুসারে তালিকা পেতে পারবেন।

উদাহরণ: এখানে দেওয়া স্ক্রিনশটে, মামলার প্রকার হিসাবে "আপীল" বিকল্পিটি বাছাই করা হয়েছে, অতএব উক্ত তালিকাতে আপীলযোগ্য মামলা (এ.স.) প্রদর্শিত হয়েছে।

**মামলার প্রকার ব্যবহার করে অনুসন্ধান**

- ➔ মামলার প্রকার চয়ন করুন
- ➔ মামলার প্রকার বিকল্প চয়ন করুন
- ➔ আদালত বাছাই করুন
- ➔ মামলার প্রকার বাছাই করুন
- ➔ বৎসর পূরণ করুন
- ➔ বিচারাধীন/ নিষ্পত্তি রেডিও বাটন বাছাই করুন
- ➔ 'এগিয়ে যান' চয়ন করুন
- ➔ মামলার প্রকারের সাথে প্রদর্শিত মামলাগুলো চয়ন করুন
- ➔ মামলার নম্বর চয়ন করুন; তাতে মামলার বিবরণ দেখাবে
- ➔ যদি আমরা শীর্ষকগুলি বাছাই করি এগুলি আরও মামলার বিবরণ দেখাবে







### ৮.৬ 'পক্ষ' বিকল্প ব্যবহার করে মামলার স্থিতি দেখা

একজন ব্যক্তি এই 'পক্ষ' বিকলল্পটি ব্যবহার করে নাম অনুসারে মামলার অনুসন্ধান করতে পারবেন।


উদাহরণ স্বরূপ : যদি একজন ব্যক্তি জানতে চান "রঙ্গস্বামী"র নামে কোন মামলা আছে কিনা, তাহলে নিম্নে প্রদত্ত ধাপগুলো অনুসরণ করুন। মামলাগুলি নাম অনুসারে অনুসন্ধান করলে "রঙ্গস্বামী" নামের মামলাগুলি প্রদর্শিত হবে যাহা নিম্নে প্রদত্ত স্ক্রিনশটে দেখানো হয়েছে।

**পক্ষের নাম দিয়ে মামলা সম্পর্কিত অনুসন্ধান :**

- ➔ মামলার স্থিতি বিকল্প চয়ন করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ পক্ষ বিকল্পটি চয়ন করুন
- ➔ আদালত বাছাই করুন
- ➔ বাদী/বিবাদীর নাম বাছাই করুন
- ➔ **বৎসর** পূরণ করুন
- ➔ রেডিও বাটন বাছাই করুন

**বিচারাধীন/নিস্পত্তি/উভয়**


- ➔ এগিয়ে যান চয়ন করুন
- ➔ মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ পক্ষ সহ মামলার নম্বর প্রদর্শিত হবে
- ➔ সংশ্লিষ্ট মামলার নম্বর চয়ন করুন
- ➔ মামলার বিবরণ প্রদর্শিত হবে



## ৮.৭ আইন অনুসারে অনুসন্ধান

**পক্ষের নাম দিয়ে কি করে মামলা অনুসন্ধান করবেন:**

➔ মামলার স্থিতি বিকল্প চয়ন করুন
➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
➔ আইন বিকল্পটি চয়ন করুন
➔ আদালত বাছাই করুন
➔ আইন অনুসন্ধান করুন
➔ আইনের প্রকার বাছাই করুন
➔ ধারা পূরণ করুন
➔ রেডিও বাটন বাছাই করুন বিচারাধীন/নিষ্পত্তির জন্য
➔ 'এগিয়ে যান' চয়ন করুন
➔ আইনের প্রকার সহ মামলা প্রদর্শিত হবে




## ৮.৮. ক্যাভিয়েট

এই ক্যাভিয়েট বিকল্পটি হলো প্রায়শই অনুসন্ধান করা বিকল্পের মধ্যে একটি।

যখন কোন ব্যক্তি জানতে চাইবেন, একটি আদালতে সেই ব্যক্তি অথবা কোন সম্পত্তির উপর নিষ্পন্ন না হওয়া কোন ক্যাভিয়েট আছে কিনা তাহলে উনি 'ক্যাভিয়েট' অনুসন্ধান বিকল্পটি ব্যবহার করতে পারবেন।

**ক্যাভিয়েট কি ভাবে অনুসন্ধান করবেন:**

মামলার স্থিতি বিকল্প চয়ন করুন → রাজ্য এবং জিলা বাছাই করুন → ক্যাভিয়েট বিকল্পটি চয়ন করুন → আদালত বাছাই করুন → অনুসন্ধানের প্রকার বাছাই করুন → ক্যাভিয়েটরের নাম পূরণ করুন → ক্যাভিয়েটির নাম পূরণ করুন → 'এগিয়ে যান' চয়ন করুন → তখন 'ক্যাভিয়েট' অনুসন্ধানের বিশদ দেখাবে → যা আবার চয়ন করা যেতে পারে এবং তখন তাহা সম্পূর্ণ বিবরণ দেখাবে







## ৮.৯. বিচার পূর্ব দরখাস্ত


এই বিকল্পটি মোবাইল অ্যাপ্লিকেশনে সর্বাধিক ব্যবহৃত এবং খুব সন্তোষজনক বিকল্প। প্রাথমিক বিকল্পটিতে এই সুবিধা ছিল না। কিন্তু আমরা মোবাইল অ্যাপ্লিকেশনের মধ্যে জামিন, রিমান্ডের স্থিতি পেতে পারি কিনা এরকম অনেকগুলি দাবি ছিল। এখন জামিন, রিমান্ড, ইত্যাদির মত বিচার পূর্ব দরখাস্ত অনুসন্ধান করার প্রয়োজনীয় বিকল্প যুক্ত করে সর্বশেষ আপডেট হওয়া সংস্করণটি নিয়ে আসা হয়েছে। শুধু কল্পনা করুন যে আপনি আপনার হ্যান্ডসেটের একটি ক্লিকে রিমান্ডের বিশদ/জামিনের অর্ডার পেতে পারেন। এটি একটি

আকর্ষণীয় বিকল্প, আপনি এটি আপনার মোবাইল ফোনে পরখ করে দেখুন।

### ৮.৯.১ কি ভাবে জামিনের স্থিতি জানবেন

**কি ভাবে জামিনের স্থিতি জানবেন**

- ➔ মামলার স্তিতি বিকল্প চয়ন করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ বিচার পূর্ব বিকল্প চয়ন করুন
- ➔ আদালত বাছাই করুন
- ➔ থানা বাছাই করুন
- ➔ এফ.আই.আর. নম্বর এবং বৎসর পূরণ করুন
- ➔ রেডিও বাটন বাছাই করুন – জামিন
- ➔ এগিয়ে যান চয়ন করুন
- ➔ মোট মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ এটি জামিন সংক্রান্ত বিশদ দেখাবে




**Bail Details**

| Sr.No | Accused Name | Application Date | Status | Next/Disposed Date | Result |
|---|---|---|---|---|---|
| 1 | Joga Singh | 27/08/2020 | Disposed | 27/08/2020 | GRANTED |

### ৮.৯.২ কিভাবে রিমান্ডের স্থিতি জানবেন


যদি কোনও ব্যক্তিকে হেফাজতে নেওয়া হয় এবং তিনি জানতে চান যে তাকে রিমান্ডে আনা হয়েছে কি না যা সংশ্লিষ্ট ব্যক্তির পারিবারিক আইনজীবীর জন্য খুব সংবেদনশীল অনুসন্ধান তাহলে তারা এফ.আই.আর নম্বর ব্যবহার করে রিমান্ডের স্থিতি যাচাই করে নিতে পারবেন।

উদাহরণ স্বরূপ : যখন একটি নির্দিষ্ট থানার ২৬৭/২০২০ এফ.আই.আর নম্বর সম্বন্ধীয় কোন একজন ব্যক্তি কে রিমান্ডে নেওয়া হয়েছে কি না তখন এই বিকল্পটি খুব সুবিধা দেয় এবং রিমান্ডের স্থিতিটি জানার জন্য নিম্নে প্রদর্শিত ধাপগুলি অনুসরণ করুন। রিমান্ডের ফলাফলটি রিমান্ডের ধরণের সাথে দেখানো হবে, অর্থাৎ

পি.সি.আর - পুলিশ হেফাজত রিমান্ড, এম.সি.আর - ম্যাজিস্টেরিয়াল হেফাজত রিমান্ডে।

**কি ভাবে রিমান্ডের স্থিতি জানা যাবে**

- ➔ মামলার স্তিতি বিকল্প চয়ন করুন
- ➔ রাজ্য এবং জিলা বাছাই করুন
- ➔ বিচার পূর্ব বিকল্প চয়ন করুন
- ➔ আদালত বাছাই করুন
- ➔ থানা বাছাই করুন
- ➔ এফ.আই.আর. নম্বর এবং বৎসর পূরণ করুন
- ➔ রেডিও বাটন বাছাই করুন – রিমান্ড
- ➔ এগিয়ে যান চয়ন করুন
- ➔ মোট মামলার সংখ্যা চয়ন করুন
- ➔ এটি রিমান্ড সংক্রান্ত বিশদ দেখাবে




**Remand Details**

| Sr.No | Accused Name | Type | Days | From Date |
|---|---|---|---|---|
| 1 | Kashish @ Kannu | PCR | 2 | 07/09/2020 |
| 2 | Kashish @ Kannu | MCR | 14 | 09/09/2020 |
| 3 | Kashish @ Kannu | MCR | 14 | 23/09/2020 |


### ৮.৯.৩ কি ভাবে বিচার পূর্ব দরখাস্তের স্থিতি জানা যাবে

যদি কোনও চুরির মামলায় সম্পত্তিটি পুনরুদ্ধার করা হয় এবং সম্পত্তির মালিক বিচার পূর্ব পর্যায়ে সম্পত্তির অন্তর্বর্তীকালীন হেফাজতের জন্য আবেদন করেন, তাহলে সেই ধরণের বিচার পূর্ব আবেদনের স্থিতিও এই বিকল্পের অধীনে যাচাই করা যেতে পারে।

**বিচার পূর্ব দরখাস্তের স্থিতি অনুসন্ধান করতে নিম্নে প্রদর্শিত ধাপগুলো অনুসরণ করুন**

**কি করে বিচার পূর্ব দরখাস্তের স্থিতি জানবেন**

মামলার স্থিতি বিকল্প চয়ন করুন → রাজ্য এবং জিলা বাছাই করুন → বিচার পূর্ব বিকল্প চয়ন করুন → আদালত বাছাই করুন → থানা বাছাই করুন →এফ.আই.আর. নম্বর পূরণ করুন → বৎসর পূরণ করুন → রেডিও বাটন বাছাই করুন – দরখাস্ত → 'এগিয়ে যান' চয়ন করুন → মোট মামলার সংখ্যা চয়ন করুন → এটি দরখাস্তের স্থিতি সংক্রান্ত বিশদ দেখাবে







| Sr.No | Accused Name | Application Date | Status |
|---|---|---|---|
| 1 | Rajinder Singh@Jindi | 09/09/2020 | Disposed |
| 2 | Rajinder Singh@Jindi | 10/09/2020 | Disposed |
| 3 | Rajinder | 01/01/1970 | PENDING |

**৯. ই-আদালত মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে মামলার তালিকা পাওয়া :**

অ্যাডভোকেট, মোকদ্দমাকারী এবং বিচারকদের জন্য মোবাইল অ্যাপে মামলার তালিকা পাওয়া একটি কার্যকর বিকল্প।

**তিন ধরনের মামলার তালিকা:**


১. যে কোন আদালতের দেওয়ানী মামলার তালিকা

২. যে কোন আদালতের ফৌজদারি মামলার তালিকা

৩. আইনজীবী আনুসারে মামলার তালিকা

সমস্ত কিছুই ই-আদালত মোবাইল অ্যাপের মাধ্যমে  তৈরি করা যেতে পারে।

দেওয়ানি মামলার তালিকা এবং ফৌজদারি মামলার তালিকা এই "মামলার তালিকা" বিকল্পে দেখা যাবে। "মামলার স্থিতি" বিকল্পের অধীনে 'আইনজীবী' বিকল্পটি ব্যবহার করে আইনজীবী আনুসারে মামলার তালিকা দেখা যেতে পারে, যা "মামলার স্থিতি বিকল্প ব্যবহার করে অনুসন্ধান" শীর্ষক আলোচনায় ব্যাখ্যা করা হয়েছে। মামলার তালিকা বিকল্পটি ব্যবহার করে এক জন ব্যক্তি নিশ্চিত হতে পারবেন তার মামলাটি কোন নির্দিষ্ট তারিখে রাখা হয়েছে কিনা। এটি বিচারক, কর্মচারী এবং আইনজীবীদের জন্য একটি প্রয়োজনী সময় কার্যকরী মাধ্যম যার দ্বারা একজন ব্যক্তি জানতে পারবেন কোনও এক নির্দিষ্ট দিনে কতগুলি মামলা তালিকাভুক্ত রয়েছে এবং দিনের কাজ পরিকল্পনা করা যেতে পারে, এবং এই তথ্য এখন হ্যান্ডসেটের মোবাইল অ্যাপের সাহায্যে দেখা যাবে।




১. মামলার তালিকা (কজ লিস্ট) আইকন চয়ন করুন

২. রাজ্য এবং জিলা বাছাই করুন

৩. আদালত বাছাই করুন


৪. আদালতের নাম বাছাই করুন

৫. বর্ষপঞ্জি থেকে মামলার তালিকার (কজ লিস্টের) তারিখ বাছাই করুন

৬. দেওয়ানী অথবা ফৌজদারি বাছাই করুন, তখন দেওয়ানী/ফৌজদারি মামলার তালিকা দেখাবে


৭. অনুসন্ধান এর ঘর টি ব্যবহার করে মামলার তালিকার মধ্য থেকে নির্দিষ্ট মামলার অনুসন্ধান করা যাবে।

## ১০. আমার মামলা




আমার মামলা বিকল্পটি হল আইনজীবী এবং মোকদ্দামাকারীর জন্য সবচেয়ে আকর্ষণীয় এবং আবশ্যক বিকল্পগুলির মধ্যে একটি, কারণ এটি ডিজিটাল ব্যক্তিগত মামলার নথিপঞ্জি হিসাবে কাজ করে। এটি ই-কোর্ট অ্যাপ্লিকেশনের একটি স্বয়ংসম্পূর্ণ বৈশিষ্ট্য। "আমার মামলা" বিকল্পে গিয়ে মোকদ্দমাকারী বা আইনজীবী তাহার মামলাগুলি সেইভ এবং ষ্টোর করে রাখতে পারবেন  এবং তাহা পরে প্রয়োজন অনুযায়ী দেখতে পারবেন।

### ১০.১ 'আমার মামলা' বিকল্পে কি করে মামলা যোগ করবেন :




আপনি যদি 'আমার মামলা' তালিকায় মামলা যুক্ত করতে চান তবে নিম্নে প্রদত্ত ধাপগুলি অনুসরণ করুন:

**ধাপ ১:** আপনি ই-আদালত মোবাইল অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে 'আমার মামলা'য় যে কেস যুক্ত করতে চান তা অনুসন্ধান করুন।


**ধাপ ২:** অনুসন্ধ্যান করা মামলার বিবরণের উপরের ডান দিকে 'মামলা যুক্ত করুন' বাটনটি দেখতে পাবেন এবং তা এখানের স্ক্রিনশটে দেখানো হয়েছে।

**ধাপ ৩:** 'মামলা যুক্ত করুন' বাটনটি চয়ন করলে মামলাটি 'আমার মামলা তালিকা'য় যুক্ত হবে।

একজন আইনজীবী এবং একজন মুহুরী তাদের সকল কার্যালয়ের মামলাগুলি 'আমার মামলা'য় যুক্ত করতে পারবেন এবং তাদের কার্যালয়ের সকল মামলার একটি ডিজিটাল নথিপঞ্জি রাখতে পারেন এবং 'আমার মামলা' বিকল্পটি ব্যবহার করে তাদের সকল মামলার সর্বশেষ অবস্থা জানতে পারেন। একজন বরিষ্ঠ

আইনজীবী নিজেই তাহার গুরুত্বপূর্ণ মামলাগুলি যুক্ত করতে পারবেন এবং একজন জুনিয়র অথবা মুহুরীর সাহায্য ছাড়াই মামলার স্থিতির উপর নজর রাখতে পারবেন এবং ২৪*৭ মামলার স্থিতি দেখতে পারবেন। একজন মোকাদ্দমাকারীও আমার মামলা বিকল্পে তার মামলা যোগ করতে পারবেন। অনুরূপভাবে, প্রসিকিউটর, আদালতের পুলিশ কনস্টেবল, তদন্তকারী আধিকারিক, সরকারি আইনজীবীগন, 'আমার মামলা' তালিকাটি ব্যবহার করতে পারেন এবং ২৪*৭ নজর রাখতে পারবেন।

**১০.২ . কীভাবে "আমার মামলাগুলি" বিকল্প থেকে মামলাগুলি সরিয়ে ফেলা যায়:**




"আমার মামলাগুলি" বিকল্প থেকে মামলাগুলি অপসারণ করতে আমার কেসগুলির মাধ্যমে মামলাগুলিকে খুলতে হবে, তারপরে ঐ খাপটিতে "কেসগুলি অপসারণ" বিকল্পটি প্রদর্শিত হবে যা ডানদিকের শীর্ষে স্ক্রিনশটটিতে প্রদর্শিত হয়েছে। যদি মামলা অপসারণ বিকল্পটি ক্লিক করা হয়, এটি আমার মামলা তালিকা থেকে নির্দিষ্ট মামলাটি সরিয়ে দেবে।

**১০.৩ : "আমার মামলাগুলি" বিকল্পের মধ্যে অনুসন্ধান করুন:**




যখন "আমার কেস" এর অধীনে কারও একাধিক মামলা থাকে তখন "আমার কেসগুলি" এর মধ্যে উপলব্ধ অনুসন্ধান বিকল্পটি ব্যবহার করে মামলাটি অনুসন্ধান করা যায়। এখানে স্ক্রিনশটটিতে যেমন দেখানো হয়েছে তেমনি অনুসন্ধান ট্যাবে টাইপ করে আপনি নাম অনুসারে, নম্বর অনুসারে আপনার মামলাগুলির মধ্যে অনুসন্ধান করতে পারেন।


## ১০.৪: রিফ্রেশ বাটন (Refresh Button):




রিফ্রেশ বাটনটি যদি ক্লিক করা হয় তাহলে "আমার মামলাগুলি" আপডেট হবে। আমার মামলার অধীনে সংরক্ষিত তথ্য আপডেট করার জন্য রিফ্রেশ বোতামটি আজকের মামলার সংলগ্নে দেওয়া হয়েছে। কোনও সংযোগ সমস্যার কারণে যদি কোনও মামলা আপডেট না হয় বা রিফ্রেশ না হয় তবে অ্যাপ্লিকেশনটি এই তথ্যটিকে "সংযোগ ত্রুটি" হিসাবে দেখায়।

## ১০.৫: "আমার মামলাগুলি" - তারিখ অনুসারে/জেলাভিত্তিক প্রদর্শন বিকল্প :

ই -কোর্টস মোবাইল অ্যাপ্লিকেশনটির আপডেট হওয়া সংস্করণটি "আমার মামলাগুলি" বিকল্পটি তারিখ অনুসারে এবং জেলা অনুযায়ী প্রদর্শিত হয়। উদাহরণস্বরূপ, আপনি তারিখ অনুসারে বিকল্পটি ক্লিক করলে, এটি সমস্ত মামলাগুলি তারিখ অনুযায়ী প্রদর্শন করবে। এটি কোনও আইনজীবী বা অ্যাডভোকেট ক্লার্কের পক্ষে কার্যকর হবে কারণ এটি তাদের মামলাগুলির ডিজিটাল ডায়েরি। একইভাবে, জেলাভিত্তিক প্রদর্শনও উপলব্ধ। তারিখ অনুসারে এবং জেলা অনুযায়ী স্ক্রিনশটটি এখানে দেখানো হয়েছে এবং যখন মামলার নম্বর ক্লিক করা হয় এটি উপরন্তু আমার মামলাগুলির মধ্যে মামলা অনুসন্ধান বিকল্পে মামলার সমগ্র ইতিহাস খুলবে।




## ১০.৬ বর্ষপঞ্জী (Calendar) :




কেউ বর্ষপঞ্জী ফর্ম্যাটে "আমার মামলাগুলি" এর অধীনে সঞ্চিত মামলাগুলি দেখতে পাবে।এটি তারিখ অনুসারে বিচারাধীন থাকা মামলার সংখ্যা প্রদর্শন করবে। তারিখের নম্বরটিতে ক্লিক করলে জেলা অনুযায়ী বিচারাধীন মামলাগুলির বর্ণনা নীচে দেওয়া হবে। উদাহরণস্বরূপ: ৪ সেপ্টেম্বর ৩টি মামলা বর্ষপঞ্জীতে দেখানো হয়েছে এবং যদি ক্লিক করা হয় তবে যে জেলাগুলিতে ৩ টি মামলা বিচারাধীন রয়েছে তা প্রদর্শন করবে। এটি আহমেদাবাদ, গুজরাত(১);বরপেটা, আসাম (১); ভাবনগর, গুজরাট (১) দেখানো হয়েছে। আহমেদাবাদ, গুজরাটে (১) ক্লিক করলে, এখানে স্ক্রিনশটে যেভাবে দেখানো হয়েছে সেভাবে এটি মামলার বিবরণ খুলবে।

## ১১. ব্যাকআপ সুবিধা (Back up facility):




**ই-কোর্টস মোবাইল একটি ব্যাকআপ সুবিধা সরবরাহ করে যা ই-কোর্টগুলির বৈশিষ্ট্যগুলির মধ্যে সর্বাধিক সন্ধান করা হয়। যে কেউ মোবাইল ডিভাইসে জমা কেসগুলির ব্যাকআপ তথ্য পাঠানো** এবং পুনরুদ্ধার বিকল্পের অধীনে নিতে পারে। আপনি যদি আপনার মোবাইল অ্যাপ্লিকেশনে অনেকগুলি মামলা সঞ্চয় করে থাকেন এবং যদি আপনি একটি নতুন মোবাইল ফোন ব্যবহার করতে যাচ্ছেন তবে এই **তথ্য পাঠানো** এবং পুনরুদ্ধার বিকল্পটি ব্যবহার করা যেতে পারে এবং সর্বশেষতম মোবাইল ফোনে ডাউনলোড করা যেতে পারে।


মেনু বাটনে ক্লিক করে এই ব্যাকআপ বিকল্পটিতে প্রবেশযোগ্য। আপনি যখন উল্লিখিত মেনু বাটনটি ক্লিক

করেন, তখন **তথ্য পাঠানো** এবং পুনরুদ্ধার বিকল্পগুলি মেনুগুলির অধীনে উপলব্ধ হয় যা প্রস্তুত উল্লেখ্য (ready reference) হিসেবে এখানে স্ক্রিনশটে প্রদর্শিত হয়েছে । **তথ্য পাঠানোর কাজ** অন্তত একবার করা প্রয়োজন এবং **তথ্যটি** মোবাইল বা গুগল ড্রাইভে বা ই-মেইলগুলিতে নিয়মিত রাখা উচিত।

কেবলমাত্র আপনি যখন তথ্য প্রেরণ করবেন, তখন প্রয়োজনের সময় এটি পুনরায় উদ্ধার করা যাবে, উদাহরণস্বরূপ, মোবাইল ফোন পরিবর্তন করার সময় বা দুর্ঘটনাবশতঃ তথ্যের ক্ষতি হলে যে কেউ সেখানে পুনরুদ্ধার বিকল্পটি ব্যবহার করতে পারবে। আপনি যদি আপনার তথ্য না প্রেরণ করেন তাহলে আপনি এটি পুনরুদ্ধারের জন্য ব্যবহার করতে পারবেন না। সুতরাং আপনার তথ্য মোবাইল ফোনে পাঠাতে ভুলে যাবেন না যাতে জরুরি প্রয়োজনে ব্যবহার করা যায়।

**১১.১ তথ্য পাঠানোর বিকল্প (Export Option):**








তথ্য পাঠানোর বিকল্পটি মোবাইল অ্যাপ্লিকেশনটিতে মেনু তালিকার অধীনে উপলব্ধ। যখন তথ্য পাঠানোর বিকল্পটি ক্লিক করা হয়

তখন  ফাইলগুলি কোথায় পাঠানো হবে তা জিজ্ঞাসা করবে। আপনি ই-মেলের মাধ্যমে আপনার ফাইলগুলি পাঠাতে বা ভাগ করতে পারেন, বা গুগল ড্রাইভে বা সেই ফোনেই সঞ্চয় করতে পারেন। গুগল ড্রাইভে সঞ্চয় করার সময়, আপনি গুগল থেকে সুরক্ষাজনিত প্রশ্ন পেতে পারেন এবং আপনি স্বীকার (admit)বাটনে  ক্লিক করতে পারেন যেখানে গুগল ড্রাইভে ব্যাকআপের মধ্যে সংরক্ষিত থাকবে। যখনই প্রয়োজন হবে তখন গুগল ড্রাইভ থেকে ব্যাকআপ বের করা যাবে।

ফাইলগুলি পাঠানোর তিনটি বিকল্প, অর্থাত যে ভাবে ভাগ করা যাবে (i)  ই মেলের সাথে, (ii)  ড্রাইভে (গুগল) সেভ  করুন, (iii) এই ডিভাইসে সংরক্ষণ  করুন অর্থাতৎ মোবাইল ফোনে সংরক্ষণ  করুন যা সহজে বোঝার জন্য স্ক্রিনশটে প্রদর্শিত হলো । তিনটি বিকল্পের যে কোনও একটি বিকল্প ব্যবহার করে আপনি নিজের মোবাইল অ্যাপ্লিকেশনটির সঞ্চিত তথ্য পাঠাতে পারেন এবং এটি পাঠ্য ফাইলের ফর্ম্যাটে (Text file fomat) জমা করতে পারেন । একবার তথ্য পাঠানোর কাজটি করা হয়ে গেলে, আপনি মোবাইলে একটি সতর্কবাণী 'সাফল্যের সাথে সংরক্ষিত' পাবেন যা এখানে প্রদর্শিত হয়েছে। উল্লিখিত পাঠ্য ফাইলটি (Text file) মোবাইল স্টোরেজ থেকে বের করা যেতে পারে।

**১১.২ পুনরুদ্ধার বিকল্প (Import Option):**





ই-কোর্টস মোবাইল অ্যাপ ব্যবহারকারীদের দ্বারা পুনরুদ্ধার বিকল্পটি সর্বাধিক সন্ধান করা হয়। আপনি যদি আপনার ফোনটি পরিবর্তন করেন তবে কী করবেন? বা যখন আপনার ফোনের তথ্য ধ্বংস হয়ে যায়। তখন এই পুনরুদ্ধার বিকল্পটি উপকারী। আপনি পুনরুদ্ধার বিকল্পটি ব্যবহার করতে পারেন এবং আপনার নতুন ফোনে তথ্যের ব্যাকআপ পেতে পারেন।  যদি ভুলবশত ফোন থেকে তথ্য মুছে যায় তখন, যে কেউ এই পুনরুদ্ধার বিকল্পটি ব্যবহার করতে পারে এবং তথ্য পুনরুদ্ধার করতে পারে।

আপনি পুনরুদ্ধার আইকনে ক্লিক করে এবং দুটি বিকল্প ব্যবহার করে তথ্য পুনরুদ্ধার করতে পারেন;

(i) ড্রাইভ থেকে পুনরুদ্ধার এবং

(ii) এই ডিভাইস থেকে পুনরুদ্ধার

স্ক্রিনশটটি এখানে যুক্ত করা হয়েছে যেখানে " কোথা থেকে পুনরুদ্ধার হচ্ছে " (Import from) এর অধীনে দুটি বিকল্প দেখানো হয়েছে ।




এটি পরামর্শ দেওয়া হয় যে অন্তত একবার গুগল ড্রাইভের ব্যাকআপ তথ্য পুনরুদ্ধার করার সময়, গুগল ড্রাইভ অনুমতি চাইবে এবং আপনি তথ্য পুনরুদ্ধার করার জন্য অনুমতির (allow) বোতামটি ক্লিক করতে পারেন। উল্লিখিত স্ক্রিনশটটিও এর সাথে সংযুক্ত করা হয়েছে। একবার পুনরুদ্ধার করার কাজটি শেষ হয়ে গেলে আপনি একটি সতর্কবাণী পাবেন 'কেসগুলি সাফল্যের সাথে পুনরুদ্ধার করা হল' বলে। এভাবে আপনি পুনরুদ্ধার বিকল্পটি ব্যবহার করতে পারেন এবং আপনার নতুন মোবাইল ফোনে তথ্যের ব্যাকআপ পেতে পারেন বা আপনার পুরানো মোবাইল ফোন থেকে তথ্যের ব্যাকআপ পুনরায় জমা করতে পারেন।

**১২. কিউআর কোড (QR Code) ব্যবহার করে মামলার স্থিতি (case status) পাওয়া:**

ই-কোর্ট পরিষেবাদি মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করার সময়, মামলার স্থিতি (case status)প্রাপ্তির জন্য কারোর কাছে প্রতিবার মামলার নাম্বার রেকর্ড (সিএনআর) টাইপ করা বা মামলার আপডেট পেতে প্রতিবার মামলার বিবরণ টাইপ করার কাজটি কঠিন লাগতে পারে। ই-কোর্টস মোবাইলে কিউআর কোড স্ক্যান বিকল্পটি ব্যবহার করে মামলার বিবরণ পাওয়ার আরও একটি সহজ উপায় রয়েছে।

**১২.১. পদক্ষেপ ১ - আপনার মামলার কিউআর কোড প্রাপ্তি:**

ই-কোর্ট পরিষেবাদি মোবাইল অ্যাপ্লিকেশন থেকে মামলার ইতিহাসের অধীনে আপনার মামলার কিউআর কোড পেতে পারেন। অথবা ই-কোর্ট পরিষেবাদি ওয়েবসাইট https://e-courts.gov.in থেকেও আপনার মামলার জন্য কিউআর কোডটি কেস ইতিহাসের অধীনে পেতে পারেন ।

**১২.২ পদক্ষেপ ২-কিউআর কোডের একটি মুদ্রণ নিন এবং কেস ডকেটে প্রতিস্থাপন (paste) করুন:**

কেউ চাইলে কিউআর কোডের মুদ্রণ নিতে পারে এবং মামলার ফাইলগুলিতে প্রতিস্থাপন (paste) করতে পারে ।




**১২.৩ পদক্ষেপ ৩ - কিউআর কোডটি স্ক্যান করুন:**

ই-কোর্টের মোবাইল অ্যাপটিতে নির্মিত "স্ক্যান কিউআর কোড" বিকল্পটি ব্যবহার করে কেউ মামলার ডকেটে প্রতিস্থাপিত কিউআর কোডটি স্ক্যান করতে পারে যা তাৎক্ষণিকভাবে মামলার স্থিতি (case status) প্রদর্শন করবে। এই কিউআর কোড স্ক্যানিং আইনজীবীদের কার্যালয় এবং বিপুল সংখ্যক মামলা থাকা সংস্থা/সরকারী প্রতিষ্ঠানগুলির জন্য উপকারী হতে পারে। তারা কিউআর কোডের মুদ্রণ নিতে পারে এবং তাদের মামলার ফাইলগুলিতে এটি প্রতিস্থাপন করতে পারে এবং তাদের মোবাইল অপ্লিকেশনে " স্ক্যান কিউআর কোড" বিকল্প দিয়ে স্ক্যান করতে পারে এবং সমস্ত পয়েন্ট এক এক করে পূরণ না করে তাৎক্ষণিকভাবে মামলার বিবরণ পেতে পারে।

**১৩. যেখানে ইন্টারনেট নেই সেখানে এস.এম.এসের (SMS) মাধ্যমে মামলার অবস্থান (case status) সম্বন্ধে জানুন :**

আমাদের দেশে ৫০% এরও বেশি লোকের ইন্টারনেট ব্যবহারের সুবিধা নেই। ই-কমিটির চেয়ারম্যান পুনর্বার বলেছেন, প্রযুক্তিগত বিভাজনকে অতিক্রম করে আমাদের অন্তর্ভুক্তিমূলক ব্যবস্থা থাকা দরকার এবং এই পরিষেবাটি এমন একটি বৈশিষ্ট্য যা ইন্টারনেটের সুবিধা না পাওয়া লোকদের প্রয়োজনকে পূরণ করবে। যখন আপনার কাছে কোনও ইন্টারনেট সংযোগ নেই তখন আপনি e-Courts<SPACE><YOUR CNR NUMBER>to 9766899899এস এম এস প্রেরণ করে  মামলার অবস্থান সম্বন্ধে জানতে পারেন।








**১৪. ই-আদালতের স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবার মাধ্যমে মামলার স্থিতি (case status) সম্বন্ধে জানা:**

যদিও স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবাটি ই-আদালত মোবাইল অ্যাপের জন্য অপ্রাসঙ্গিক তারপরও এটি একটি সম্পর্কিত বৈশিষ্ট্য যেটি আপনার মোবাইল ফোনের মাধ্যমে পাওয়া যেতে পারে যদি আপনি আপনার মোবাইল ফোনে ইমেইল দেখার অনুশীলনে থাকেন। ই-আদালতের স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবার মাধ্যমে মামলার স্থিতি জানার জন্য সম্প্রতি চালু হওয়া স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবার মাধ্যমে ই-আদালত প্রকল্পটি মামলাকারী এবং আইনজীবিদের ইমেইল প্রেরণ করা শুরু করেছে । নিবন্ধিত ব্যবহারকারীরা মামলার


আপডেট, পরবর্তী শুনানির তারিখ, আদেশ এবং রায়গুলির প্রতিলিপি এবং কজ লিস্ট (মামলার তালিকা) পাবেন। এই আকর্ষণীয় স্বয়ংক্রিয় ইমেইল পরিষেবাটি সক্রিয় করতে, মামলাকারী এবং আইনজীবিদের তাদের ইমেইলটি সংশ্লিষ্ট আদালতে নিবন্ধিত করতে হবে। এমন দিন খুব বেশি দূরে নেই যেখানে একজন বাড়িতে থেকেই আদালত থেকে সমস্ত প্রত্যয়িত কপি পাওয়ার সুবিধা পাবেন।




### ১৪.১. অবিনাশী নিম্ন আদালত থেকে ই-আদালতের স্বয়ংক্রিয় ইমেইল প্রেরণ:

অবিনাশী নিম্ন আদালতে অনুশীলনকারী একজন আইনজীবি একদিন এসে মামলা তালিকাভুক্ত সংক্রান্ত একটি স্বয়ংক্রিয় ইমেইল পাওয়ার উল্লাস এবং বিস্ময় হওয়ার বিষয়টি আনন্দের সহিত সবাইর সাথে ভাগ করে নিয়েছিলেন। এটি পাঠকদের জন্য এখানে দেওয়া হলো। এমন দিন খুব বেশি দূরে নেই যেখানে একজন বাড়িতে থেকেই আদালত থেকে সমস্ত প্রত্যয়িত কপি পাওয়ার সুবিধা পাবেন।

### ১৫. আদালত চত্তর নির্দেশক (Court Complex Locator):




একটি নতুন বিকল্প- আদালত চত্তর নির্দেশক, ই-কোর্টের মোবাইল অ্যাপ্লিকেশনটিতে যুক্ত করা হয়েছে যা মামলাকারীদের জন্য একটি কার্যকর সরঞ্জাম। যদি কোনও মামলাকারীকে সুদূর আদালত থেকে তলব করা হয় এবং আদালতের অবস্থান তার জানা না থাকে, তবে তিনি আদালত চত্তর নির্দেশকটি ব্যবহার করতে পারেন এবং মানচিত্রে আদালতের অবস্থানটি খুঁজে পেতে পারেন এবং

তিনি আদালত চত্তর নির্দেশক বিকল্পটি ব্যবহার করে আদালতে পৌঁছতে পারেন।

এই আদালত চত্তর নির্দেশকটি আমাদের ভারতীয় ম্যাপিং অ্যাপ্লিকেশন-BHUVAN-এ কাজ করে এবং কোয়েম্বাতুরে আদালত অনুসন্ধান স্ক্রিনশটটি এখানে দেখানো হলো।


**১৬. ই -কোর্ট মোবাইল অ্যাপ মেনুতে বিভিন্ন লিঙ্ক।**

ই-কোর্টের মোবাইল অ্যাপের অধীনে ই -আদালত পরিষেবার গুরুত্বপূর্ণ লিঙ্কগুলি মেনু বিকল্পের অধীনেও সরবরাহ করা হয়েছে। যে কেউ নীচের লিঙ্কগুলিতে প্রবেশ করতে পারবেন।

- ➔ ই-পে (e- Pay)
- ➔ এনজেডিজি (NJDG)
- ➔ ই-ফাইলিং (e – filing)
- ➔ ইন্ডিয়া কোড (India Code)
- ➔ আইনজীবীদের জন্য ফর্ম (Forms for Advocates)
- ➔ ভার্চুয়াল আদালত (Virtual Courts)

এই সমস্ত লিঙ্কগুলি ই-আদালত পরিষেবা ওয়েবসাইটের আওতায় পাওয়া যায়। উদাহরণস্বরূপ যদি কেউ অনলাইনে জরিমানা দিতে চায় তাহলে সে সরাসরি মোবাইল অ্যাপ্লিকেশন থেকে ভার্চুয়াল আদালতের লিঙ্কটি ক্লিক করতে পারে এবং ভার্চুয়াল আদালতের পোর্টালে প্রবেশ করতে পারে এবং এমনকি আদালত না গিয়েও জরিমানা পরিশোধ করতে পারে। তাই এই লিঙ্কগুলি একটি সত্যিকারের প্রস্তুত নির্দেশক হিসাবে ব্যবহার করা যেতে পারে।

**১৭. ই- কোর্টের মোবাইল অ্যাপে ই-পে লিংক:**





আপনি যখন ই-পে বিকল্পটি ক্লিক করেন, এটি আপনাকে https://pay.e-courts.gov.inএ নিয়ে যায় যেখান থেকে আপনি আদালতের ফি (Court fees), বিচার বিভাগীয় আমানত, জরিমানা ডিজিটালি প্রদান করতে পারেন। আপনি আপনার সিএনআর নম্বর বা মামলার নম্বর এবং আপনার মোবাইল নম্বর

ব্যবহার করে ডিজিটালি টাকা প্রদান করতে পারেন।

**১৮. ই-আদালত মোবাইল অ্যাপে এন.জে.ডি.জি লিঙ্ক:**

আপনি যখন এন.জে.ডি.জি বাটন চয়ন করবেন, এটি আপনাকে https://njdg.e-Courts.gov.in এর অধীনে সরাসরি এন.জে.ডি.জি লিঙ্কে নিয়ে যাবে যেখান থেকে আপনি নীচের বিবরণগুলি পেতে পারেন





১৮.১. ন্যাশনাল জুডিশিয়াল ডেটা গ্রিড (জেলা এবং তালুকা আদালত)

১৮.২. ন্যাশনাল জুডিশিয়াল ডেটা গ্রিড (উচ্চ আদালত)।

এন.জে.ডি.জি ব্যবহার করার সময়, আপনাকে রাজ্য, তারপর-জেলা বাছাই করতে হবে এবং ড্রিল-ডাউন বিকল্পটি ব্যবহার করে আপনি নিস্পত্তি না হওয়া মামলাগুলির বিভিন্ন বিবরণ, নিষ্পত্তি হওয়া মামলা, প্রকার অনুসারে, পর্যায় অনুসারে মামলা ইত্যাদি পেতে পারেন। ড্রিল-ডাউন বিকল্পগুলির অভিজ্ঞতা নেওয়ার জন্য আপনি মোবাইল ব্যবহার করুন।

**১৯. ই-কোর্টস মোবাইল অ্যাপ্লিকেশানের মাধ্যমে ইন্ডিয়া কোডে (India Code) প্রবেশ:**

ই-কোর্টস মোবাইল অ্যাপ্লিকেশনটিতে এখন ইন্ডিয়া কোডের একটি নতুন বৈশিষ্ট্য যুক্ত করা হয়েছে। যেখানে যে কেউ এটি ব্যবহার করে সমস্ত রকমের নিয়মনীতি, আইন, বিধি, বিজ্ঞপ্তি ইত্যাদি পেতে পারে। এটি আপনার হ্যান্ডসেটের শুধু সমস্ত ধারাগুলির জন্য দুর্দান্ত প্রস্তুত নির্দেশক। উদাহরণস্বরূপ, আপনি যদি সিপিসিতে কোনও ধারা উল্লেখ করতে চান তবে সহজেই মোবাইল অ্যাপ্লিকেশন লিঙ্কের মাধ্যমে পেতে পারেন যা এখানে দেখানো হলো।





## ১৯.১. ইন্ডিয়া কোড থেকে কেবলমাত্র ধারাগুলির (Bare Act) অনুসন্ধান




আপনি যদি কোনও আইন অনুসন্ধান করতে চান, তবে আপনাকে অনুসন্ধান বাক্সে অনুসন্ধান কোডটি টাইপ করতে হবে এবং আপনি এটি ইন্ডিয়া কোড থেকে পেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি যদি ফৌজদারী বিধি কোড বা দেওয়ানী বিধি কোড পেতে চান, তবে আপনি বাক্সে টাইপ করে এটি পেতে পারেন।

## ২০. ই-আদালত মোবাইল অ্যাপে ই-ফাইলিং লিঙ্ক




আপনি ই-আদালত পরিষেবাগুলি যেমন-ই-ফাইলিং, ই-পেমেন্ট এবং এন.জে.ডি.জি তে ও প্রবেশ করতে পারবেন ।আপনি একবার ই-ফাইলিং অ্যাপ্লিকেশন চয়ন করলে, এটি আপনাকে ই-ফাইলিং পোর্টাল https://efiling.e-Courts.gov.in এ নিয়ে যাবে এবং ভারতের মানচিত্র থেকে, আপনি আপনার নিজের রাজ্যটি বাছাই করতে পারবেন এবং মামলাটির ই-ফাইলিং শুরু করতে পারবেন । আপনি ই-ফাইলিং পোর্টালের অধীনে দেওয়া সহায়তা ভিডিও এবং শিক্ষামূলক পাঠগুলিতেও (টিউটোরিয়াল) প্রবেশ করতে পারবেন এবং আপনার মামলাগুলির ই-ফাইলিং শুরু করতে পারবেন এবং ডিজিটাল যুগের একজন আইনজীবি হতে পারেন।

## ২১. ই-আদালত মোবাইল অ্যাপে ভার্চুয়াল আদালতের লিঙ্ক:






মোবাইল অ্যাপ্লিকেশনটিতে যে লিংক আছে তার মাধ্যমে একজন ভার্চুয়াল আদালতে প্রবেশ করতে পারবেন। ভার্চুয়াল আদালত পোর্টালে যে পরিষেবাগুলি দেওয়া আছে সেগুলি হলো মোবাইল নম্বর, সি.এন.আর, পক্ষগুলির নাম, চালান এবং গাড়ির নম্বর দিয়ে মামলাগুলি অনুসন্ধান করুন। যে কেউ তার জরিমানা এই মোবাইল অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে দিতে পারে যেটি ভার্চুয়াল আদালত লিঙ্কের দিকে নিয়ে যাবে। এভাবে একজন ব্যক্তি আদালতে না গিয়ে এবং ভার্চুয়াল কোর্ট পোর্টালে লগ ইন করে মোটর দুর্ঘটনা মামলার জরিমানা দিয়ে তার মামলার মীমাংসা করতে পারে ।

**২২. ই-আদালত মোবাইল অ্যাপে আইনজীবিদের লিঙ্কের জন্য ফর্ম:**


ই-আদালত মোবাইল অ্যাপ্লিকেশন তালিকার আওতায় একটি কার্য্যকর লিঙ্ক উপলব্ধ আছে - আইনজীবিদের জন্য ফর্মগুলি হলো সর্বশেষতম সংযোজন। যদি উক্ত লিঙ্কটি চয়ন করা হয় এটি আপনাকে আইনজীবীদের দ্বারা ব্যবহৃত বিভিন্ন ফর্মের সাথে সংযোগ স্থাপন করিয়ে দেবে।




উদাহরণ: জামিন নামা (bail bond), কপি এপ্লিকেশন ফর্ম (সি.এ ফর্ম); মামলার তথ্যের ফরম্যাট, দায়ের করার ফর্ম (filing form), সূচী ফর্ম, মেমো অফ এপিয়ারেন্স, নথি উত্থাপন করার জন্য নোটিশ, জামানতনামা (surety bond), ওকালতনামা ।আশা করি এটি আপনাকে এই দরকারী লিঙ্কটি পরীক্ষা করে দেখতে যথেষ্ট উৎসাহী করে তুলবে।

## ২৩. সহায়তা বিকল্প:

ই-আদালত পরিষেবার অধীনে কিভাবে বিভিন্ন বিকল্প ব্যবহার করা যায়, এই সহায়তা বিকল্পের অধীনে প্রদর্শিত হয়েছে যা যখনই কোনো সন্দেহ দেখা দেয় তখনই এটি সাহায্য করবে। যখন আপনি সহায়তার অধীনে প্রতিটি ট্যাব চয়ন করবেন, তখন এটি চিত্র সহ ধাপটি প্রদর্শন করবে বৈশিষ্ট্যগুলি ব্যবহার করার জন্য ।অর্থাৎ, আপনি যদি ই-আদালত পরিষেবা অ্যাপ্লিকেশনে সহায়তার আওতায় আমার মামলা ট্যাব চয়ন করেন তাহলে সহায়তার বিবরণটি খুলবে যেটি এই স্ক্রিনশটে দেখানো হয়েছে যা আপনি অনুসরণ করতে পারেন এবং প্রধান তালিকা (menu) ব্যবহার করা শুরু করুন।







*আজই ই-আদালত মোবাইল অ্যাপ ডাউনলোড করুন!*

*এবং আপনার মামলার স্থিতি (case status)আপনার হ্যান্ডসেটে 24X7 পান বিনা মূল্যে ।*


# ই-আদালত পরিষেবা মোবাইল অ্যাপ

## ভারতের উচ্চ আদালত, জেলা আদালত এবং তালুকা আদালতের জন্য

eCourts India

## অ্যান্ড্রয়েড এবং আইওএসের জন্য ই-আদালত পরিষেবা অ্যাপ

- ecourt services — মামলার স্থিতি, মামলার তালিকা, আদালতের রায়/ আদেশ পান, আপনার মামলাগুলি My Cases এর মাধ্যমে 24X7 আপনার হ্যান্ডসেটে সংরক্ষণ করুন
- মামলার সম্পূর্ণ ইতিহাস প্রাপ্তি।
- আপনার রায়/ আদেশ দেখুন
- কোর্ট কমপ্লেক্স লোকেটারটি প্রাপ্তি।
- i CNR — সিএনআর (CNR) নম্বর দ্বারা কেস অনুসন্ধান করুন। (http://services.ecourts.gov.in) থেকে সিএনআর (CNR) নাম্বার জানুন।
- কিউআর (QR) কোড স্ক্যান ব্যবহার করে স্ট্যাটাস পান। (http://services.ecourts.gov.in) থেকে কিউআর (QR) কোড জানুন।
- Case Status — কেস নম্বর / ফাইলিং নম্বর / এফআইআর নম্বর / পার্টির নাম / অ্যাডভোকেটের নাম / আইন / কেস টাইপ ব্যবহার করে কেস স্ট্যাটাস সন্ধান করুন।
- causelist — মামলার তালিকা জানুন।
- My Cases — “My cases” অপশনে আপনার মামলা সঞ্চিত এবং ট্রাক করুন।
- “My cases” অপশনে "আজকের মামলার" সতর্কতা জানুন।
- বর্ষপঞ্জি বিকল্প জানুন




অ্যান্ড্রয়েড এবং আইওএস এর জন্য ডাউনলোড করুন

GET IT ON Google Play | Download on the App Store

**ডাউনলোড করুন**

ই-কমিটির ওয়েবপেজ থেকে অ্যান্ড্রয়েড এবং আইওএসের জন্য মোবাইল অ্যাপ্লিকেশন

https://services.ecourts.gov.in

## ই-কমিটি, ভারতের সর্বোচ্চ আদালত